

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়
নগদ ও প্রচ্ছন্ন দায় অধিশাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা

নম্বর ০৭.০০.০০০০.১৩৮.০২.০৫৯.২০২০.২৮

তারিখ: ৩ ফাল্গুন ১৪২৬
১৬ ফেব্রুয়ারি ২০২০

প্রজ্ঞাপন


“স্বায়ত্তশাসিত, আধা-স্বায়ত্তশাসিত, সংবিধিবদ্ধ সরকারি কর্তৃপক্ষ, পাবলিক নন-ফাইন্যান্সিয়াল কর্পোরেশনসহ স্ব-শাসিত সংস্থাসমূহের উদ্বৃত্ত অর্থ সরকারি কোষাগারে জমা প্রদান আইন, ২০২০ (২০২০ সালের ০৪ নং আইন)” এর ধারা ৯ এ প্রদত্ত ক্ষমতাবলে স্বায়ত্তশাসিত, আধা-স্বায়ত্তশাসিত, সংবিধিবদ্ধ সরকারি কর্তৃপক্ষ, পাবলিক নন-ফাইন্যান্সিয়াল কর্পোরেশনসহ স্ব-শাসিত সংস্থাসমূহের উদ্বৃত্ত অর্থ নিরূপণের লক্ষ্যে নিম্নরূপ কমিটি গঠন করা হলো:

(১) অতিরিক্ত সচিব, ট্রেজারি ও ঋণ ব্যবস্থাপনা, অর্থ বিভাগ	সভাপতি
(২) যুগ্মসচিব, বাজেট ১, অর্থ বিভাগ	সদস্য
(৩) অতিরিক্ত মহাপরিচালক, মনিটরিং সেল, অর্থ বিভাগ	সদস্য
(৪) উপসচিব, নগদ ও প্রচ্ছন্ন দায় ব্যবস্থাপনা অধিশাখা	সদস্য সচিব

কমিটির কার্যপরিধি:

- (১) কমিটি আইনের তপশিলে বর্ণিত সংস্থাসমূহের বিগত ৫ বছরের নিরীক্ষিত হিসাব বিবরণী ও হালনাগাদ ব্যাংক হিসাব বিবরণী এবং সংস্হাভিত্তিক চলমান ও পরবর্তী ৩ বছরের মধ্যে বাস্তবায়নযোগ্য অনুমোদিত উন্নয়ন প্রকল্পের তালিকা সংগ্রহপূর্বক বছরভিত্তিক ব্যয়ের হিসাব পরীক্ষা করবে;
 - (২) তপশিলভুক্ত সংস্থাসমূহের পেনশন ও ভবিষ্য তহবিলের হিসাব সংগ্রহ করবে; এবং
 - (৩) তপশিলভুক্ত সংস্থাসমূহের তহবিলে উদ্বৃত্ত অর্থের হিসাবসহ সংস্হাভিত্তিক তথ্যাদি সম্বলিত প্রতিবেদন প্রস্তুত করবে।
- ২। কমিটি সংস্হাভিত্তিক প্রতিবেদন অর্থসচিব বরাবর উপস্থাপন করবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে,


১৬.০২.২০২০
মোঃ ফিরোজ আহমেদ
উপসচিব

নম্বর ০৭.০০.০০০০.১৩৮.০২.০৫৯.২০২০.২৮/১(৫০)

তারিখ: ৩ ফাল্গুন ১৪২৬
১৬ ফেব্রুয়ারি ২০২০

অনুলিপি সদয় অবগতি/কার্যক্রম গ্রহণের জন্য প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১. মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ/ প্রধানমন্ত্রীর মুখ্যসচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়।
২. সিনিয়র সচিব/সচিব,..... মন্ত্রণালয়/বিভাগ।
৩. মহাপরিচালক, মনিটরিং সেল, অর্থ বিভাগ।
৪. যুগ্মসচিব, বাজেট ১, অর্থ বিভাগ।
৫. অর্থমন্ত্রী একান্ত সচিব, অর্থ মন্ত্রণালয় (মাননীয় অর্থমন্ত্রীর সদয় অবগতির জন্য)।
৬. সচিবের একান্ত সচিব, অর্থ বিভাগ (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
৭. অতিরিক্ত মহাপরিচালক, মনিটরিং সেল, অর্থ বিভাগ।
৮. উপপরিচালক, বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস (গেজেটে পরবর্তী সংখ্যায় প্রকাশের জন্য)।
৯. সিনিয়র সিস্টেম এনালিস্ট, FSMU, অর্থ বিভাগ (ওয়েব সাইটে প্রকাশের জন্য)
১০. ব্যক্তিগত কর্মকর্তা, অতিরিক্ত সচিব, ট্রেজারি ও ঋণ ব্যবস্থাপনা, অর্থ বিভাগ (অতিরিক্ত সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
১১. অফিস কপি/মাস্টার কপি।